

💵 প্রশ্লোত্তরে ফিকহুল ইবাদাত

বিভাগ/অধ্যায়ঃ তৃতীয় অধ্যায় সিয়াম (রোযা) রচয়িতা/সঙ্কলকঃ অধ্যাপক মোঃ নূরুল ইসলাম

১৩০. রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম কি নিয়মিত প্রত্যহ জামা'আতের সাথে তারাবীহ পড়তেন?

না! সাহাবায়ে কিরাম দুই বা তিন রাত্রি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের ইমামতিতে তারাবীহ পড়েছিলেন। উম্মাতের উপর এ সালাত ফর্ম হয়ে যাওয়ার আশঙ্কায় রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম পরে জামাআতের সাথে মসজিদে তারাবীহ পড়া ছেড়ে দিয়েছিলেন।তিনি বলেন,

(তারাবীহর সালাতে মসজিদে তোমরা একত্রিত হয়ে আমার জন্য যেভাবে অপেক্ষা করছিলে তা সবই আমি দেখেছি) কিন্তু আমার ভয় হচ্ছিল (আমি নিয়মিত এ সালাত আদায় করলে) তা তোমাদের জন্য ফর্য হয়ে যেতে পারে। সে কারণে আমি (এ সালাতের জন্য) ঘর থেকে বের হইনি। আর এ ঘটনাটি ছিল রম্যান মাসের (কোন এক রাতে)। (বুখারী ও মুসলিম)

• Source — https://www.hadithbd.com/books/link/?id=15215

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন